দৈনিক ইনকিলাব

তারিখ 4 JUL 2008
পৃষ্ঠা ৭ কলাম ৮

# ইবির অধীনে ফাজিল পরীক্ষা শুরু

## *১ম দিনে ১১ জন বহিষ্কৃত*

**ইবি থেকে আলতাফ হোসেন**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল (ডিগ্রী) পরীক্ষা গতকাল (বৃহস্পতিবার) থেকে সারাদেশে, সফল ও সুষ্ঠুভাবে শুরু হয়েছে। পরীক্ষার ১ম দিনে ১ম বর্ষ নিয়মিত বাংলা আবশ্যিক পরীক্ষায় মোট ২০৭২৭ জন পরীক্ষার্থীর মধ্যে ১৯৮৮১ জন উপস্থিত ছিল এবং পৃঃ ১১ কঃ ৬

# ফাজিল পরীক্ষা শুরু

*প্রথম পৃষ্ঠার পর*

৮৪৬ জন অনুপস্থিত ছিল। পরীক্ষার ১ম দিনে সারাদেশে ১১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। দীর্ঘ প্রতীক্ষার এই ফাজিল (ডিগ্রী) পরীক্ষা সুন্দর ও সফলভাবে শুরু হওয়ায় মাদ্রাসা শিক্ষকদের একক সংগঠন জমিয়াতুল মোদার্রেছীনের সভাপতি ইনকিলাব সম্পাদক এ. এম. এম. বাহাউদ্দীন, মহাসচিব আলহাজ্ব অধ্যক্ষ শাব্বীর আহমদ মোমতাজী ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানিয়েছেন।

জানা যায়, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল (ডিগ্রী) ১ম বর্ষ নিয়মিত পরীক্ষা ২৩৪টি কেন্দ্রের মাধ্যমে সারাদেশে গতকাল (বৃহস্পতিবার) থেকে শুরু হয়েছে। ফাজিল (ডিগ্রী) ১ম বর্ষ নিয়মিত পরীক্ষায় প্রথম দিনে মোট ২০৭২৭ জন পরীক্ষার্থীর মধ্যে ১৯৮৮১ জন উপস্থিত ছিল এবং অনুপস্থিত ছিল ৮৪৬ জন। প্রথম দিনের বাংলা (আবশ্যিক) পরীক্ষায় সারাদেশের মোট ১১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে রাজশাহীর শাহ সুলতান কামিল মাদ্রাসার কেন্দ্র থেকে ৭ জন, বগুড়ার দুপচাচিয়া দারুস সুন্নাত ফাজিল মাদ্রাসা কেন্দ্র থেকে ১ জন, পটুয়াখালীর দুমকি ইসলামিয়া ফাজিল মাদ্রাসা কেন্দ্র থেকে ১ জন, ভোলার হাজীপুর ইসলামিয়া ফাজিল মাদ্রাসা কেন্দ্র থেকে ১ জন, বরিশালের বাকেরগঞ্জ ইসলামিয়া ফাজিল মাদ্রাসা কেন্দ্র থেকে ১ জন। সারাদেশে সর্বমোট ১১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। পরীক্ষার প্রথম দিনে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ফয়েজ মোহাম্মদ সিরাজুল হক ঢাকার সরকারী আলিয়া মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। পরীক্ষা সুন্দরভাবে শুরু হওয়ায় ভিসি পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা কর্মচারীসহ সকলকে অভিনন্দন জানিয়েছেন। এদিকে ফাজিল (ডিগ্রী) ১ম বর্ষ নিয়মিত পরীক্ষা সুন্দরভাবে শুরু হওয়ায় মাদ্রাসা শিক্ষকদের একক সংগঠন জমিয়াতুল মোদার্রেছীনের সভাপতি ও দৈনিক ইনকিলাব সম্পাদক আলহাজ্ব এ. এম. এম. বাহাউদ্দীন, মহাসচিব আলহাজ্ব অধ্যক্ষ শাব্বীর আহমদ মোমতাজী, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি, ট্রেজারার রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী, মাদ্রাসা সেলের সকল কর্মকর্তা-কর্মচারী এবং সারাদেশের মাদ্রাসা শিক্ষক, ছাত্র-ছাত্রী ও পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানিয়েছেন। তারা জমিয়াতুল মোদার্রেছীনের আন্দোলনের ফসল হিসেবে ফাজিল (ডিগ্রী) পরীক্ষা সুন্দরভাবে শুরু হওয়ায় আল্লাহপাকের শুকরিয়া আদায় করেন।

ফাজিল (ডিগ্রী) ১ম বর্ষ নিয়মিত বাকি ৩টি পরীক্ষা ৮, ১৩ ও ১৭ জুলাই অনুষ্ঠিত হবে এবং ফাজিল (ডিগ্রী) বিশেষ পরীক্ষা আগামী ১০, ১৫ ও ২০ জুলাই থেকে শুরু হবে।

ঝালকাঠি থেকে সংবাদদাতা জানান, গতকাল (বৃহস্পতিবার) ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ফাজিল ও কামিল মাদ্রাসাগুলোর ফাজিল ১ বর্ষের (স্নাতক) নিয়মিত পরীক্ষা শুরু হয়েছে। জেলার তিনটি পরীক্ষা কেন্দ্রে ২৭২ জন পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছে। ঝালকাঠি ১৪৮ জন, নলছিটি ৭২ জন আমুয়া কেন্দ্রে ৫২ জন উপস্থিত ছিল। সন্তোষজনকভাবে গতকাল প্রথম পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, পরীক্ষা কেন্দ্র সচিব, প্রশাসন এবং মাদ্রাসাগুলোকে- এলাকাবাসী, ছাত্র, অভিভাবক, জমিয়াতুল মোদার্রেছীন ধন্যবাদ জানান।

গফরগাঁও উপজেলা সংবাদদাতা জানান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে দেশের প্রথমবারের মতো গতকাল (বৃহস্পতিবার) থেকে গফরগাঁও কেন্দ্রে ফাজিল (ডিগ্রী) পরীক্ষা শুরু হয়েছে। ৯টি ফাজিল মাদ্রাসা থেকে পরীক্ষার্থীরা অংশ নেয়। মাদ্রাসাগুলো হচ্ছে- গফরগাঁও জেএম সিনিয়র ফাজিল মাদ্রাসা থেকে ৩৭ জন, গয়েশপুর সিনিয়র ফাজিল মাদ্রাসা থেকে ১৫ জন, বারইহাটি হুরমত উল্লাহ ফাজিল মাদ্রাসা থেকে ১৯ জন, বিরই সিনিয়র ফাজিল মাদ্রাসা থেকে ২১ জন, চাইরবাড়ীয়া সিনিয়র ফাজিল মাদ্রাসা থেকে ১২ জন, খোদাবক্সপুর ফাজিল মাদ্রাসা থেকে ১৩ জন, পাঁচবাগ ইসলামিয়া ফাজিল মাদ্রাসা থেকে ২ জন, শামছুল হক ফাজিল মাদ্রাসা থেকে ১৭ জন ও টাংগাব ফাজিল মাদ্রাসা থেকে ১৫ জনসহ মোট পরীক্ষার্থীর সংখ্যা ১'শ ৫২ জন। অনুপস্থিত ১ জন। গফরগাঁও কেন্দ্রে জেএম সিনিয়র ফাজিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা জিয়াউদ্দিন জানান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল (ডিগ্রী) পরীক্ষা শান্তিপূর্ণভাবে শুরু হয়েছে। পরীক্ষা চলাকালীন কোন ধরনের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

গোমস্তাপুর (চাঁপাইনবাবগঞ্জ) উপজেলা সংবাদদাতা জানান, চাঁপাইনবাবগঞ্জের গোমস্তাপুরে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ফাজিল (স্নাতক) পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। উপজেলার একমাত্র কেন্দ্র প্রসাদপুর ফাজিল মাদ্রাসায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ৮৭ জন। প্রথমদিন ১ জন অনুপস্থিত। কেন্দ্র সচিব মাওলানা এনামুল হক জানান, পরীক্ষার্থী সংখ্যা কম হলেও কেন্দ্র পাওয়ায় ছাত্র, শিক্ষক ও অভিভাবকগণ ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়েছেন।